২য় অনুরোধ পত্র

অতি জরুরি
শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৭.১৮-২৫৪

তারিখঃ ৩০ বৈশাখ ১৪২৬
১৩ মে ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭.১২.২০১৫ তারিখের রায়ের (মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত) নির্দেশনা মতে মহাসড়কের যানচলাচল ব্যবস্থাপনা সম্পর্কিত ২৫ দফা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য টিএমইডিতে প্রেরণ।

সূত্র:
(১) জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৫.০৬.০০২.১৫-১৯ তারিখ: ১০.০১. ২০১৮ খ্রি.।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৭.১৮-৬৭ তারিখ: ২৯.০১.২০১৮ খ্রি.।
(৩) জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৫.০৬.০০২.১৫-৩৩০ তারিখ: ২৮.০৪. ২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্র (৩) নং পত্রের ছায়ালিপি এসঙ্গে প্রেরণ করা হলো। মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭.১২.২০১৫ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়ের ২৫ দফা নির্দেশনার মধ্যে এ বিভাগের সাথে সংশ্লিষ্ট ২২ নংদফাএর নির্দেশনা তথা স্কুলের পাঠ্যক্রমে ট্রাফিক রুল অন্তর্ভূক্ত করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। মহামান্য আদালতের নির্দেশনাটি নিম্নরুপ:

"(22) to include important traffic rules in the school curriculum."

০২. উক্ত রিট মামলার রায়ে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ২৫ দফা নির্দেশনা বাস্তবায়নের জন্য গৃহীত কার্যক্রম তথা compliance report প্রতি ০৬ (ছয়) মাস অন্তর সংশ্লিষ্ট আদালতে দাখিল করার জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া আছে। নির্দেশনাটি নিম্নরুপ:

"The respondents are directed to submit compliance regarding their action taken as per our direction/instructions on every six months."

০৩. উল্লেখ্য, রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭.১২.২০১৫ খ্রি. তারিখের রায়ের ২২ নং দফা নির্দেশনা মোতাবেক স্কুলের পাঠ্যক্রমে ট্রাফিক আইন অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র (২) মূলে অনুরোধ করা হলেও দীর্ঘ ১৬ মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও চাহিত তথ্যাদি মহোদয় দপ্তর/সংস্থা থেকে পাওয়া যায়নি।

০৪. এখানে আরো উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্টের নির্দেশনা থাকায় প্রতি ০৬ মাস অন্তর এ বিষয়ে compliance report মহামান্য আদালতে দাখিলের বাধ্যবাধকতা রয়েছে অন্যথায় আদালত অবমাননার দায়ে অভিযুক্ত হওয়ার আশংকা বিদ্যমান।

০৫. এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭.১২.২০১৫ খ্রি. তারিখের রায়ের ২২ নং দফা বিষয়ে মহোদয় দপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের তথ্য (প্রমানকসহ) আগামী ২০.০৫.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মত অনুরোধ করা হলো। ব্যর্থতায় বিষয়টি মহামান্য আদালতের গোচরে নেয়া হবে।

সংযুক্তি: বর্ণনামতে- ০১ (এক) পাতা।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

বিতরণ: কার্যার্থে:

১। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা।

অনুলিপি:

১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (আইন ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।